দৈনিক ইনকিলাব

তারিখ 31 AUG 1989
পৃষ্ঠা ৩ কলাম ২

৫৬

১০৯

শিক্ষাঙ্গন

## প্রাথমিক শিক্ষার গুরুত্ব

"জ্ঞানহীন মানুষ অন্ধ" কথাটি যেমন সত্য তেমনি বাস্তব। একজন অন্ধ লোক যেমন পৃথিবীর সৌন্দর্য্য উপভোগ করতে পারে না, ঠিক তেমনি একজন জ্ঞানহীন মানুষ পৃথিবীতে বেঁচে থেকে বঞ্চিত হয় সকল প্রকার সর্মকাণ্ড থেকে। সে যতই অর্থ এবং সম্পদের অধিকারী হোক না কেন যদি তার মধ্যে কোন বিদ্যা না থাকে তাহলে সেই অর্থ, প্রতিপত্তি অর্থহীন।

আমাদের ছোট ছোট ছেলেমেয়েরা যখন বিদ্যা অর্জনের জন্য বিদ্যাপীঠে যায় তখন তারা যাতে ভালভাবে শিক্ষা গ্রহণ করতে পারে এবং সেটা তাদের জন্য যেভাবে সহজতর হয় সেদিকে আমাদের লক্ষ্য রাখা একান্ত প্রয়োজন। এই জন্য প্রথমতঃ

আমাদের প্রাথমিক শিক্ষার প্রতি বিশেষভাবে জোর দিতে হবে। কারণ, শিশুদের যা শিক্ষা দেয়া হবে, তা-ই তারা মন থেকে গ্রহণ কববে এবং শিশুদের যদি ভালভাবে শিক্ষা দেয়া যায় তবে ভবিষ্যতে তাদের কোন অসুবিধা হয় না। যদি তাদের শিক্ষার ভিত্তি শক্ত হয় তবেই তাদের শিক্ষার পথ সহজ হবে, অন্যথায় নয়। বাংলাদেশ সরকার এক কর্মসূচী গ্রহণ করেছেন "২০০০ সাল নাগাদ সবার জন্য শিক্ষা"। এছাড়া সরকারীভাবে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত পুস্তক বিনামূল্যে বিতরণ করছেন। আমাদের এই দরিদ্র দেশের লোকেরা যাদের আর্থিক স্বচ্ছলতা নেই তারাও চায় তাদের ছেলেমেয়েরা সুশিক্ষায় শিক্ষিত হোক। কিন্তু তাদের শিক্ষার খরচ বহন করা কষ্টকর হয়, তাই সরকারের এই পদক্ষেপের দরুন অন্তত অশিক্ষিত লোকের হার কমে আসবে বলে আশা করা যায়।

—মোঃ আতিকুর রহমান আতিক